দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 DEC 2016
পৃষ্ঠা ১৪ কলাম ১-৫



বটিয়াঘাটা (খুলনা) : সেরাদের সেরা নির্বাচনী পরীক্ষা দিচ্ছে শিক্ষার্থীরা —ইত্তেফাক

তিন বিভাগে ১৪ শিক্ষার্থী মনোনীত

# বটিয়াঘাটায় 'সেরাদের সেরা' মেধাবীদের পুরস্কার প্রদান

■ বটিয়াঘাটা (খুলনা) সংবাদদাতা

নির্বাচনী পরীক্ষার পর এসএসসি পরীক্ষার আগ পর্যন্ত মেধাবী শিক্ষার্থীরা যাতে পড়াশোনায় গা-ছাড়া ভাব না দেখাতে পারে সে উদ্দেশ্যে বটিয়াঘাটা উপজেলার মাধ্যমিক স্কুলগুলোর সেরা শিক্ষার্থীদের নিয়ে প্রতি বছর অনুষ্ঠিত হয় 'সেরাদের সেরা' শিক্ষার্থী বাছাই পরীক্ষা। প্রতি স্কুল থেকে কেবলমাত্র প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ স্থান অধিকারী শিক্ষার্থীরা এই পরীক্ষায় অংশগ্রহনের যোগ্যতা রাখে। একারণে এই প্রতিযোগিতার এমন নামকরণ। ১৬ ডিসেম্বর এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মাধ্যমে প্রতি বিভাগ থেকে নির্বাচিত সেরা চার শিক্ষার্থীর হাতে পুরস্কার তুলে দেয়া হয়। এ বছরও শীর্ষস্থান পাওয়া শিক্ষার্থীদের পুরস্কৃত করা হবে আজ শুক্রবার।

জানা গেছে, মেধা মূল্যায়নের এই ব্যতিক্রমী পরীক্ষাপদ্ধতির উদ্যোক্তা বটিয়াঘাটা পাইলট স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষক প্রভাস চন্দ্র রায়। তিনি ইত্তেফাককে বলেন, নির্বাচনী পরীক্ষার পর এসএসসি পরীক্ষার পূর্বে মেধাবী শিক্ষার্থীদের লেখা পড়ার গতিতে যাতে ভাটা না পড়ে সেজন্য তার এই উদ্যোগ। এই প্রচেষ্টাকে সফল করতে বিভিন্ন স্কুলের প্রধান ও সহকারী শিক্ষকগণ নিঃস্বার্থভাবে সহযোগিতায় এগিয়ে আসেন। এবার উপজেলার ২১টি স্কুলের ৯২ জন মেধাবী এই প্রতিযোগিতায় অংশ নেয়।

পরীক্ষায় সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে পুরস্কারের জন্য মনোনীত ১৪ মেধাবী হলো, বিজ্ঞান বিভাগ থেকে যুগ্মভাবে প্রথম বটিয়াঘাটা পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের যশ বিশ্বাস ও ডেউয়াতলা মাধ্যমিক বিদ্যালয়ের আমানত শেখ, দ্বিতীয় পাইলট স্কুলের দেবাঞ্জন কির্ত্তণীয়া, তৃতীয় জলমা চক্রাখালী স্কুলের বিউটি রায় এবং যুগ্মভাবে চতুর্থ হোগলবুনিয়া স্কুলের অশেষ গাইন ও চয়ন্তী মল্লিক। মানবিক বিভাগে প্রথম প্রগতি মাধ্যমিক বিদ্যালয়ের আজিম সর্দার, দ্বিতীয় বয়ারভাঙ্গা স্কুলের সত্যানন্দ রায়, তৃতীয় হোগল বুনিয়া স্কুলের হৈমন্তী মল্লিক ও চতুর্থ পার-বটিয়াঘাটা বালিকা বিদ্যালয়ের ফাতেমা খাতুন। ব্যবসায় বিভাগে প্রথম পাইলট বিদ্যালয়ের ফোরকান আঁকন, দ্বিতীয় জলমা চক্রাখালী স্কুলের অলি গাজী, তৃতীয় তন্দ্রা গোলদার এবং চতুর্থ পাইলট স্কুলের আশিকুর রহমান।